# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ রোগীকে সাক্ষাৎ করার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রোগীকে কোন খাবার খেতে বাধ্য না করা

রোগী দেখতে গিয়ে সঙ্গে খাবার নিয়ে গিয়ে কোন খাবার খেতে রোগীকে বাধ্য করবেন না। বরং পথ্য-অপথ্য বুঝে রোগীকে তার পছন্দমত খাবার দিন। যে খাবারে তার ক্ষতির আশঙ্কা আছে সে খাবার তাকে খেতে দেবেন না। রোগী খেতে না চাইলেও চিন্তার কোন কারণ নেই। খাওয়ার জন্য তার সাথে কোন প্রকার জোর করাও উচিত নয়। তার হায়াত থাকলে রোগদাতা তাকে গায়বীভাবে খাইয়ে থাকেন।

রাসুল (ﷺ) বলেন, ‘‘তোমরা তোমাদের রোগীদেরকে পানাহারের জন্য বাধ্য করো না। যেহেতু (তারা না খেলেও) মহান আল্লাহ তাদেরকে পানাহার করিয়ে থাকেন।’’[1]

## ফুটনোট

[1]. তিরমিযী, ইবনে মাজাহ, হাকেম, সহীহুল জা’মে হা/৭৪৩৯

Source — https://www.hadithbd.com/books/link/?id=8024

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন